# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ২য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০২ মার্চ, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১১-৩০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং নব-নিযুক্ত স্টেশন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি মহোদয়কে বোর্ডের সদস্যগণের সাথে পরিচয় করিয়ে দেন। অত:পর সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্য বিষয়-১: ১৪ জানুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ১ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্মেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন এর সমর্থনে সর্বসম্মতিক্রমে বিগত সভার (২০১৭ সালের ১ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয়-২: বর্তমান রজনীগন্ধা সুপার মার্কেট ভেঙ্গে ধাপে ধাপে আধুনিক মার্কেট নির্মাণে MARC Architects & Engineers Ltd বাড়ি নং-৩৬৬, রোড নং-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস এর ০৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের দাখিলকৃত কনসালটেন্সি ফি হিসেবে ২,৯৬,৯২,৫০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেট নির্মাণের জন্য কনসালটেন্ট নিয়োগের নিমিত্ত গত ০৩ আগস্ট ২০১৬ তারিখে দৈনিক আমাদের অর্থনীতি এবং দি ডেইলী ইন্ডাষ্ট্রি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ২৪/৮/২০১৬ তারিখে EOI আহবান করা হয়। EOI আকারে মোট ০৭টি কনসালন্টিং ফার্ম কাগজপত্র জমা দেয়। যাচাই-বাছাই কমিটি কর্তৃক ০৫টি ফার্মকে presentation প্রদান করার বিষয়টি বিবেচিত হয় এবং ০৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সভা কক্ষে Power point presentation দেয়ার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত তারিখে শুধুমাত্র দু'টি ফার্ম, যথাক্রমে, (ক) MARC Architects & Engineers Ltd এবং (খ) M/S. A. R. Consultants কর্তৃক প্রেজেন্টেশন প্রদান করা হয়। MARC Architects & Engineers Ltd, বাড়ি নং ৩৬৬, রোড নং-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস এবং M/S. A. R. Consultants, ১৪, পল্লবী, নিউ এক্সটেনশন, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬ কে কারিগরী দিক থেকে যোগ্যতা সম্পন্ন বিবেচনা করা হয়। এ যোগ্যতা সম্পন্ন দু'টি কনসালটিং ফার্ম-কে সার্ভে ম্যাপসহ EOI এ বর্ণিত প্রকল্পের সাথে সংশ্লিষ্ট বিস্তারিত ডিজাইন, ড্রয়িং জমা করার লক্ষ্যে কনসালটেন্ট ফি এর জন্য Financial offer চাওয়া হয়। অতঃপর ০৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে MARC Architects & Engineers Ltd এবং M/S. A. R. Consultants কর্তৃক Financial offer ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করা হয়। উক্ত আর্থিক প্রস্তাবনা উন্মুক্ত করার জন্য ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখে টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সভা অত্র দপ্তরের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট কাজের জন্য MARC Architects & Engineers Ltd ২,৯৬,৯২,৫০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকা এবং M/S. A. R. Consultants ৪,৩৭,৫০,০০০/- (চার কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার Financial offer জমা করেন। রজনীগন্ধা সুপার মার্কেট নির্মাণে MARC Architects & Engineers Ltd, বাড়ি নং ৩৬৬, রোড নং-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাসকে কনসালটেন্ট হিসেবে নিয়োগের জন্য দাখিলকৃত Financial offer এর ২,৯৬,৯২,৫০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকার দরটি যুক্তিযুক্ত বিধায় অনুমোদনের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য কমিটি সুপারিশ করেছেন।

২। ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে চূড়ান্ত পর্যায়ে সেনাবাহিনী প্রধানের সচিবালয়ের সম্মেলন কক্ষে প্রনয়নকৃত নকশার উপর প্রেজেন্টেশন প্রদান করা হয়। উক্ত প্রেজেন্টেশনে উপস্থিতি নিম্নরূপ ঃ

ক। কিউএমজি।

খ। ই-ইন-সি।

গ। ভারপ্রাপ্ত এরিয়া কমান্ডার, লজিষ্টিকস এরিয়া।
ঘ। ডিএমকিউ।
ঙ। মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর।
চ। সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা।
ছ। সিইও, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা।

বিস্তারিত পর্যালোচনান্তে MARC Architects & Engineers Ltd -কে কনসালটেন্ট হিসেবে নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ০১ মার্চ, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্ট বোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের নির্দেশ অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেট নির্মাণে MARC Architects & Engineers Ltd, বাড়ি নং ৩৬৬, রোড নং-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাসকে কনসালটেন্ট হিসেবে নিয়োগের জন্য দাখিলকৃত Financial offer এর ২,৯৬,৯২,৫০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকার দর অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সাথে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ০১ মার্চ, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্ট বোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের নির্দেশ অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩: রজনীগন্ধা সুপার মার্কেটকে আধুনিক করার জন্য প্রাথমিক পর্যায়ের ড্রয়িং প্রস্তুতে বিল্ডিয়া কনস্ট্রাকশন, বাড়ী#৩১৮ (১ম তলা), রোড#২১, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস এর আবেদিত ১৫,০০,০০০/- (পঁনের লক্ষ) টাকা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটকে আধুনিক করার জন্য বিল্ডিয়া কনস্ট্রাকশন কর্তৃক প্রাথমিক পর্যায়ের ড্রয়িং প্রস্তুত করা হয়। পরবর্তীতে উক্ত কাজের কোন অগ্রগতি না হওয়ায় পূর্ণাঙ্গ নকশা প্রস্তুতের কাজও থেমে যায়। সম্প্রতি বিল্ডিয়া কর্পোরেশন কর্তৃক প্রস্তুতকৃত ড্রয়িং জন্য ১৫,০০,০০০/- (পঁনের লক্ষ) টাকার বিল পরিশোধ করার আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের ডিজাইন ও ড্রয়িং কাজে নির্বাচিত কনসালটেন্ট MARC Architects & Engineers Ltd এর কনসালটেন্সি ফি ২,৯৬,৯২,৫০০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত) টাকা হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বিল্ডিয়া কর্পোরেশন-কে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোডের উত্তর পার্শ্বে বাসস্টপেজ, দোকান ও রেষ্টুরেন্ট নির্মাণ কাজের সংশোধিত নকশা অনুমোদন ও রয়্যালটি কমানো প্রসংগে উক্ত কাজে নিয়োজিত প্রতিষ্ঠান "কে-মার্ক" কর্তৃক ২৩ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে দাখিলকৃত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : নির্মাণাধীন বাসস্পপেজ এর এটিএম বুথের স্থান পরিবর্তন করে সংশোধিত নকশা অনুমোদন ও রয়্যালটি কমানোর বিষয়ে নিয়োজিত প্রতিষ্ঠান "কে-মার্ক" কর্তৃক ২৩ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। নির্ধারিত রয়্যালটি ছিল প্রতি মাসে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। যেহেতু এটিএম বুথের সংখ্যা কমানো হয়েছে সেহেতু উক্ত রয়্যালটি ফি পুনঃনির্ধারন পূর্বক ১৫,০০০/- (পনের হাজার) টাকা করার জন্য আবেদনে উল্লেখ করেন। গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৪০ এর মাধ্যমে এটিএম বুথ পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনসহ প্রতি মাসে রয়্যালটি ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার স্থলে ৪০,০০০/- চল্লিশ হাজার) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সভায় উপস্থিত "কে-মার্ক" এর ব্যবস্থাপনা পরিচালক সংশোধিত নকশা ও কাজের অগ্রগতি সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোডের উত্তর পার্শ্বে বাসস্টপেজ, দোকান ও রেষ্টুরেন্ট নির্মাণ কাজের সংশোধিত নকশা অনুমোদন করা হলো। উক্ত স্থাপনা উদ্বোধনের তারিখ হতে ০৫(পাঁচ) বছর নির্মাণকারী প্রতিষ্ঠান "কে-মার্ক" কর্তৃক মাসিক ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদান করবে এবং ০৫(পাঁচ) বছর মেয়াদ শেষে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট সমুদয় স্থাপনা হস্তান্তর করবেন। দ্বিপক্ষীয় চুক্তিতে এ সম্পর্কীয় সংশোধনী অন্তর্ভুক্ত করতে হবে।

আলোচ্য বিষয়-৫: ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৫৪ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান প্রধান গেইট ভেঙ্গে আধুনিক গেইট নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনানিবাসের প্রধান সড়ক শহীত সরণি সংলগ্ন সকল অফিস/দপ্তরে দৃষ্টি নন্দন গেইট থাকলেও ক্যান্টনমেন্ট বোর্ডের প্রবেশ গেইটটি বহুদিনের পুরানো জরাজীর্ণ। উক্ত রাস্তা দিয়ে প্রায়শ:ই দেশী বিদেশী ভিভিআইপিগণ যাতায়াত করে থাকেন বিধায় সেনানিবাসের ভাবমূর্তি সমুজ্জ্বল রাখার স্বার্থে একটি গেইট নির্মাণ করা প্রয়োজন। সে মোতাবেক প্রস্তাবিত গেইটের একটি নকশা সভায় প্রদর্শন করা হয়।

সিদ্ধান্ত : প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে পরামর্শক্রমে প্রস্তাবিত গেইটের সংশোধিত নকশা ও মূল্যানুমানসহ আগামী বোর্ড সভায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উপস্থান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৬: ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ডিওএইচএসসমূহ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস ঘোষিত এলাকার কর নির্ধারণে প্লট/ফ্ল্যাট সমূহের হালনাগাদ তালিকার উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৪টি ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস ঘোষিত এলাকার কর নির্ধারণে প্লট/ফ্ল্যাট সমূহের হালনাগদ তালিকা প্রস্তুতের জন্য ০৬টি কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদন গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৪২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাড়ী/ফ্ল্যাটের প্রতি বর্গফুট ০৬/- (ছয়) টাকা, কচুক্ষেত পুরান বাজার এলাকার আবাসিক ভবনের ক্ষেত্রে ০৫/- (পাঁচ) টাকা, টিনসেড বাড়ীর ক্ষেত্রে ০৩/- (তিন) টাকা এবং কমার্শিয়াল ভবন/দোকানের ক্ষেত্রে ০৮/- (আট) টাকা হারে গৃহকর ধার্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ হার আগামী ২০১৭-২০১৮ অর্থ বছর হতে প্রযোজ্য হবে। তাছাড়াও বাড়ীঘর ও দোকানপাটের হালনাগাদ তথ্য প্রতিমাসের বোর্ডসভায় উপস্থাপন করারও সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার প্লট/ফ্ল্যাটের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৬-২০১৭ আর্থিক সালের বাজেটে ৮,০৮,০০,০০০.০০ (আট কোটি আট লক্ষ) টাকার রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রস্তাবিত হারে গৃহকর আদায় করা হলে আগামী অর্থ বছরে কমপক্ষে ১৪,০৯,৭৭,৯৫০.০০ (চৌদ্দ কোটি নয় লক্ষ সাতাত্তর হাজার নয়শত পঞ্চাশ) টাকা রাজস্ব নিম্নবর্ণিত ছক অনুসারে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো ঃ-

| ক্র/ নং | এলাকার নাম | প্লট সংখ্যা | ফ্ল্যাট সংখ্যা | দোকান সংখ্যা | সম্ভাব্য কর | ২০১৬-১৭ আর্থিক সালে বাজেটের টার্গেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বনানী ডিওএইচএস | ১৮১ | ১৩৩৯ | ০১ | ১৫২৯৪৩৫৮.০০ | ১০৫০০০০০.০০ | |
| ২. | মহাখালী ডিওএইচএস | ৫৩৭ | ২৮২৩ | ১৪ | ২৭৭৪৭৭৬৫.০০ | ২২৫০০০০০.০০ | |
| ৩. | বারিধারা ডিওএইচএস | ৫৭৬ | ৩৭৫৯ | ১৬ | ৩২৫৫৩৪০০.০০ | ২২৩০০,০০০.০০ | |
| ৪. | মিরপুর ডিওএইচএস | ১২৯০ | ৫৩৩৫ | ৭৬ | ৩৫৩৮২১৫০.০০ | ১০৫০০০০০.০০ | খালি প্লট-৭১ অফিস-৪৯৯ |
| ৫. | ক্যান্ট: বাজার এলাকা | ১২৭ | ৮২৯ | ১২ | ১০৮৫৪১১৩.০০ | ৮৫০০০০০.০০ | অফিস-০২ |
| ৬. | সেনানিবাস ঘোষিত এলাকা (কচুক্ষেত) | ৫২১ | ২৭৬৫ (টিনসেড-২০৮) | ২১২ (বাণিজ্যিক-৯৬) | ১৯১৪৬১৬৪.০০ | ৬৫০০০০০.০০ | ফ্ল্যাট-১,৩১,১৮,১৬০/- টিনসেড-১০,৯০,০০২/- বাণিজ্যিক-৪৯,৩৮,০০২/- |
| | | | | | ১৪০৯৭৭৯৫০.০০ | ৮০,৮০০,০০০.০০ | |

সিদ্ধান্ত : ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটে প্রাক্কলিত রাজস্ব আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ধার্যকৃত রাজস্ব আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৭: জানুয়ারি, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা : জানুয়ারি, ২০১৭ মাসে বিভিন্ন খাতে আদায় ৬৬,৯৫,৮৩৩.০০ (ছেষট্টি লক্ষ পঁচনব্বই হাজার আটশত তেত্রিশ) টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ১৩,২৭,৫১,৫০১.০০ (তের কোটি সাতাশ লক্ষ একান্ন হাজার পাঁচশত এক) টাকা। যা মোট দাবীর ৮৯.৭২%।

সিদ্ধান্ত : গৃহকর আদায়ের হার সন্তোষজনক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

আলোচ্য বিষয়-৮: ফেব্রুয়ারি, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। ঢাকা সেনানিবাসের স্কুল/কলেজসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা আরো উন্নত করা প্রয়োজন। ঢাকা সেনানিবাস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড এবং এমইএস কর্তৃক সরবরাহকৃত পানির নমুনা সন্তোষজন।

সিদ্ধান্ত : স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগের মাধ্যমে সেনানিবাসে মশক নিধন কার্যক্রম জোরদারসহ ড্রেন পরিষ্কার এবং আগাছা পরিষ্কার করতে হবে। রজনীগন্ধা সুপার মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদার করণসহ নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস সংলগ্ন সিভিল চ্যাপ্টার্ড এলাকায় সপ্তাহে কমপক্ষে একদিন মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত জটিলতার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত বিষয়ে ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৬ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

> "বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত জটিলতা বিষয়টি তদন্তের মাধ্যমে নিস্পত্তি করার জন্য উক্ত ০৩টি ইজারা সংক্রান্ত কাগজাদির কপি ও তদন্ত প্রতিবেদনের কপি দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।"

উক্ত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট প্লট ০৩টি ইজারা সংক্রান্ত কাগজাদি দুর্নীতি দমন কমিশন, ঢাকায় প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৬ এর সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১০: (ক) ডিজিযাদু ব্রডব্যান্ড লিঃ, পরিচালক জনাব নাভিদুল হক কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকায় ইন্টারনেট ও আইপি ফোন সার্ভিস প্রদানের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

(খ) কসমোপলিটন কমিউনিকেশন্স লিঃ এর শেয়ার হোল্ডারদের বাসায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের অনুমোদন প্রসংগে।

আলোচনা : (ক) জনাব নাভিদুল হক, পিতা-জনাব আনিসুল হক, পরিচালক, ডিজিযাদু ব্রডব্যান্ড লিঃ, কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকায় এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট ও আইপি ফোন সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে ২০ জুন ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির উপর বারিধারা ডিওএইচএস পরিষদের মতামত/সুপারিশ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে অত্র দপ্তরের ১৬ অক্টোবর, ২০১৬ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/১১/২০০ নং পত্রে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০২ জানুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১০২. ০৯.০২.০১.১৭ নং পত্রের মাধ্যমে ০২ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ০৫(পাঁচ) বছর মেয়াদে উক্ত প্রতিষ্ঠানকে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়।

(খ) কসমোপলিটন কমিউনিকেশন্স লিঃ এর ০৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের সিসিএল/সিবিডি/এইএসপি/০৮০২১৭/০১ নং পত্রের মাধ্যমে লেঃ জেনারেল আব্দুল ওয়াদুদ (অবঃ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৪/এ, ১৫/সি, ১৯ ও ৬৮ নং বাসা এবং বানানী ডিওএইচএস এর ৩৭ এবং বারিধারা ডিওএইচএস এর ২১২ নং বাসায় কোম্পানীর শেয়ারহোল্ডারদের বাসায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের অনুমোদন চাওয়া হয়েছে।

সিদ্ধান্ত : (ক) ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ডিজিযাদু ব্রডব্যান্ড লিঃ-কে বারিধারা ডিওএইচএস এলাকায় ইন্টারনেট ও আইপি ফোন সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৪/এ, ১৫/সি, ১৯ ও ৬৮ নং বাসা এবং বানানী ডিওএইচএস এর ৩৭ এবং বারিধারা ডিওএইচএস এর ২১২ নং বাসায় কসমোপলিটন কমিউনিকেশন্স লিঃ শেয়ারহোল্ডারদের বাসায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের অনুমোদন দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১১: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং প্লটে নির্মিত বাড়ীর ২য় তলা ও ৩য় তলা এবং নিচতলায় ৩টি কার পার্কিং স্থান আনুপাতিক হারে জমিসহ (অচিহ্নিত ও অবিভক্ত) মাতা কর্তৃক কন্যাকে হেবা/দান করার অনুমতি প্রসংগে।

আলোচনা : নথি দৃষ্টে দেখা যায়, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮৯০ বর্গফুট বা ১৫.২৫ কাঠা জমি বিশিষ্ট ৩ নং প্লটে নির্মিত ০৩ তলা বাড়ীর বর্তমান রেকর্ডীয় মালিক জিন্নুরিন নাহার রাজা, পিতা-খান বাহাদুর দেওয়ান ইকলিমুর রাজা। উক্ত প্লটে নির্মিত বাড়ীর ২য় তলা ও ৩য় তলা এবং নিচতলায় ০৩টি কারপার্কিং স্থান, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ তিনি তাঁর মেয়ে তালাত জাবীন চৌধুরী, পিতা-মৃত খলিলুর রহমান চৌধুরী-কে হেবা/দান করার অনুমতি চেয়ে ০৬ নভেম্বর,২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং প্লটে নির্মিত বাড়ীর ২য় তলা ও ৩য় তলা এবং নিচতলায় ৩টি কার পার্কিং স্থান আনুপাতিক হারে জমিসহ (অচিহ্নিত ও অবিভক্ত) মাতা জিন্নুরিন নাহার রাজা, পিতা-খান বাহাদুর দেওয়ান ইকলিমুর রাজা কর্তৃক কন্যা তালাত জাবীন চৌধুরী, পিতা-মৃত খলিলুর রহমান চৌধুরী-কে রেজিস্ট্রিকৃত দলিলমূলে হেবা/দান করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত কোন জমি দখলে থাকলে উক্ত জমি ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বুঝিয়ে দিতে হবে।

আলোচ্য বিষয়-১২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অকেজো/বাতিল (Condemn) ঘোষিত বিভিন্ন ধরনের ১০(দশ)টি যানবাহন ও খুচরা যন্ত্রাংশ নিলামে বিক্রির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ধরনের ১০(দশ)টি যানবাহন দীর্ঘ দিনের পুরানো এবং ব্যবহার অনুপযোগী বিধায় এগুলো যাচাই-বাছাই করে এমআরপি নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য অনুযায়ী প্রকাশ্য নিলামের মাধ্যমে ব্যবহার অনুপযোগী অকেজো/বাতিল (Condemn) ঘোষিত যানবাহন ও খুচরা যন্ত্রাংশ বিক্রি করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এ বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের প্রতিনিধি ভ্যাহিক্যাল মেকানিক কর্তৃক নিম্নবর্ণিত গাড়ীগুলো অকেজো ঘোষণা করার জন্য সুপারিশ করা হয় ঃ-

| ক্রমিক নং | যানবাহনের বিবরণ | নম্বর |
|---|---|---|
| ১। | লাল মাইক্রোবাস | কুমিল্লা-চ-০২-০০০৮ |
| ২। | এ্যাম্বুলেন্স | ঢাকা মেট্রো-ছ-৭১-০০৫২ |
| ৩। | প্রাইভেট কার | ঢাকা মেট্রো-গ-১২-১৫৭৪ |
| ৪। | মোটর সাইকেল- ৫০ সিসি | ঢাকা মেট্রো-এ-০৭-০৪৩৬ |
| ৫। | মোটর সাইকেল- ১০০ সিসি | দিনাজপুর-এ-৬৪৭২ |
| ৬। | মোটর সাইকেল- ১০০ সিসি | ঢাকা মেট্রো-হ-২৭-৯০৭৮ |
| ৭। | মোটর সাইকেল- ১০০ সিসি | ঢাকা মেট্রো-এ-০৬/২৪২৮ |
| ৮। | মোটর সাইকেল-১৩৫ সিসি | ঢাকা মেট্রো-হ-২৬-৫২৭৮ |
| ৯। | মোটর সাইকেল- ১০০ সিসি | |
| ১০। | মোটর সাইকেল | ঢাকা মেট্রো-ল-১১-৩৭৫৯ |
| ১১। | অকেজো খুচরা যন্ত্রাংশ | |

সিদ্ধান্ত : সুপারিশ অনুযায়ী ক্রমিক নং-৪, ৮ ও ১০ এ উল্লেখিত ৩টি যানবাহন ব্যতীত অবশিষ্ট ০৭টি যানবাহন অকেজো ঘোষণাসহ প্রকাশ্য নিলামে বিক্রির জন্য সুপারিশকৃত ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার এমআরপি অনুমোদন করা হলো।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) মেজর জেনাঃ (অবঃ) জন গোমেজ, পিএসসি<br>(খ) মেজর (অবঃ) এ বি এম হুমায়ুন কবির | ১২৩<br>১২৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন- ১২৩ ও ১২৪ নং প্লটে ৪র্থ তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিটে রূপান্তর) |
| ২। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) আবুল কালাম আজাদ | ৯৪৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা খালি প্লট |
| ৩। | লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ মঞ্জুরুল আলম | ৩৬৩ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (নিচতলা, ৩য় তলা, ৪র্থ তলা এবং ৬ষ্ঠ তলার রুম/টয়লেটের আকার পরিবর্তনসহ ৫ম তলা- ১ ইউনিটকে ২ ইউনিটে পরিবর্তন) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মিরপুর ও বারিধারা ডিওএইচএস ০৩টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ল্যান্ড পয়েন্ট অব ভিউতে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২ ও ৩, উল্লিখিত ০৩ (তিন)টি ভবনের আভ্যন্তরীন পরিবর্তনের নকশা যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কচুক্ষেত পুরান বাজার এলাকার (চ্যাপ্টার্ড এরিয়া) সিবি-২৭৭ এর প্রবেশ রাস্তা এবং ম্যানহোল উঁচুকরণ। | ৪,৫৪,৮৭৬/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ২। | মিরপুর সেনানিবাসস্থ জেসিও/ওআরএস আবাসিক এলাকার শিশুপার্কের বাউন্ডারী গ্রীল উঁচুকরণসহ খেলনাসামগ্রী মেরামত ও রংকরণ কাজ। | ২,৪৯,৪৩৭/- | মেরামত খাত | সদর দপ্তর ৬ স্বতন্ত্র এডিএ ব্রিগেড, মিরপুর সেনানিবাসের ২৩/১১/২০১৬ তারিখের পত্র |
| ৩। | স্বাধীনতা সরণির ইউসুফ লাইন সংযোগ মোড়ে ফুটপাত বর্ধিতকরণসহ জেব্রা ক্রসিং মার্কিং কাজ । | ১,০৭,২১৩/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৪। | শহীদ সরণি/স্বাধীনতা সরণির ফুটপাতের ভাঙ্গা টাইলস্ পুনঃ স্থাপন কাজ। | ১,৬৯,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৫। | শহীদ সরণিস্থ সিএসডি এর সম্মুখে স্টীল ফুটওভার ব্রিজের দক্ষিণে (রাস্তার মাঝখানে) ১৬০-০˝ লম্বা পাকা ডিভাডার স্থাপন কাজ। | ১,২৮,৮৪৪/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৬। | শহীদ সরণিস্থ ক্যাপ্টেনস্ বেকারীর পশ্চিম পার্শ্ব হতে উত্তর দিকে হাজী মহসিন বাসস্টপ পর্যন্ত ফুটপাতের পেভড টাইলস্ ও স্লাব ভেঙ্গে ড্রেন পরিস্কারসহ ময়লা অপসারণ এবং ফুটপাত মেরামত কাজ। | ১,৯৯,০০০/- | নর্দমা খাত | |
| ৭। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস গ্যারেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নং-১ এর সংস্কার ও মেরামত কাজ। | ৮১,৭৯০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৬০ এর বাহির পার্শ্ব ও ছাদের উপর মেরামত ও রংকরণ এবং ২য় তলায় রংকরণ কাজ। | ৩,১৮,৫৫০/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ৯। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টারের ইউনিট-১ এর বাৎসরিক সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৬০,৭৪৬/- | কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬ (নিচতলা) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৪,২৫,০৩৮/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১১। | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত, সিগন্যাল গেইট হতে বঙ্গবন্ধু ঘাঁটি গেইট ও আইএসএসবি গেইট পর্যন্ত বিদ্যমান পলি সাইনবোর্ড মেরামত, রংকরণ ও ৫টি নতুন পলি সাইনবোর্ড তৈরী ও স্থাপন। | ১,৮২,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ডিজিএফআই ঢাকা ডেইট এর পিছনের ড্রেন এবং রোড নং-৪, ৮, ৯ ও ১০ এর ড্রেন সংস্কার ও পরিস্কারকরণ। | ৯৮,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) খাত | |
| ১৩। | মিরপুর ডিওএইচএস শিশু পার্কে ৪টি আধুনিক খেলনা স্থাপন। | ৮,১১,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন প্রবেশ গেইট গাঁথুনী দ্বারা বন্ধ করণসহ বাউন্ডারী ওয়ালের ভাঙ্গা অংশের মেরামত কাজ। | ৫৪,৯৮৭/- | বিদ্যালয় তহবিল | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৪ এর ১৪টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৬, ৭ ও ১২ এ বর্ণিত মোট ০৪ (চার) টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৮ ও ১০ এ উল্লেখিত প্রকল্প দু'টি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে। ক্রমিক নং-১, ৩, ৪, ৫, ৯, ১১, ১৩ ও ১৪ এ বর্ণিত মোট ০৮ টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্ট: বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তাদের চেম্বারের জন্য টেবিল চেয়ার সরবরাহকরণ কাজ। | ৭৩,৭০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৭৩,৭০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ ও ৫ নং রোডের সংযোগ রাস্তার পার্শ্বে পাকা ড্রেন নির্মাণ কাজ। | ৭৩,৫১৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৭৩,৫১৭/- | বোর্ড তহবিল | |
| ৩। | সেবানীড় শিশুপার্কে ০২টি আধুনিক খেলনা (কম্বাইন্ড স্লাইডার্স ০১টি এবং কম্বাইন্ড সুয়িং ০১টি) স্থাপনসহ বিদ্যমান ০৩টি খেলনা মেরামত ও রংকরণ কাজ। | ১০,২০,০০০/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ১০,২০,০০০/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪। | বনানী ডিওএইচএস এর ইষ্টার্ণ রোডের পশ্চিম পার্শ্বে ২ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত ওয়াকওয়ে নির্মাণ কাজ। | ১০,৪৩,০০০/- | মেসার্স ডিফেন্স কনস্ট্রাকশন লিংক | ১০,৪৩,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |

আলোচনা : আলোচ্য বিষয়-১৫ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ১৫.১। আলোচ্য বিষয়-১৫ এর ০৪ (চার)টি প্রকল্পের প্রকল্পগুলোর দর অনুমোদন করা হয়।

১৫.২। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৫.৩। ক্রমিক নং-২, ৩ ও ৪ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের পশ্চিম প্রান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর কোয়ার্টার নির্মাণ স্থানের ০২টি আম এবং ১৩টি মেহগণি গাছ নিলামে বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত ২৭,৭৯০/- (সাতাশ হাজার সাতশত নব্বই) টাকার এমআরপি ও নিলামে বিক্রয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের পশ্চিম প্রান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর কোয়ার্টার নির্মাণ স্থানে বিদ্যমান ০২টি আম এবং ১৩টি মেহগণি গাছের জন্য নির্মাণ কাজ বাঁধাগ্রস্ত হচ্ছে। উক্ত গাছগুলি নিলামে বিক্রয়ের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। সে লক্ষ্যে ২৭,৭৯০/- (সাতাশ হাজার সাতশত নব্বই) টাকার এমআরপি প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত এমআরপি অনুমোদন ও নিলামে বিক্রয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের পশ্চিম প্রান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর কোয়ার্টার নির্মাণ স্থানের ০২টি আম এবং ১৩টি মেহগনি গাছ নিলামে বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত ২৭,৭৯০/- (সাতাশ হাজার সাতশত নব্বই) টাকার এমআরপি অনুমোদনসহ নিলামে বিক্রয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৭: মিরপুর ডিওএইচএস এর শিশু পার্ক হতে ০৪টি খেলনা সামগ্রী নির্ঝর আবাসিক এলাকায় স্থানান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর জন্য সরবরাহকৃত ০৪টি খেলনা সামগ্রী যথাযথভাবে ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়। কিন্তু নির্ঝর আবাসিক এলাকা উদ্বোধনের সময় জরুরী ভিত্তিতে উক্ত এলাকার শিশু পার্কে খেলনা সামগ্রী স্থাপনের জন্য মিরপুর ডিওএইচএস এর উক্ত খেলনা সামগ্রী নির্ঝর আবাসিক এলাকার পার্কে স্থানান্তর করা হয়। উক্ত কাজে নিয়োজিত ঠিকাদার কর্তৃক খেলনা সামগ্রী মিরপুর ডিওএইচএস হতে নির্ঝর আবাসিক এলাকায় স্থানান্তর ও স্থাপন বাবদ ১,০৯,৭৯৪/- (এক লক্ষ নয় হাজার সাতশত চুরানব্বই) টাকার বিল দাখিল করা হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর শিশু পার্ক হতে ০৪টি খেলনা সামগ্রী নির্ঝর আবাসিক এলাকায় স্থানান্তরের জন্য ৬৬,৬৭০/- (ছেষট্টি হাজার ছয়শত সত্তর) টাকার বিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। বিধি মোতাবেক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: মেসার্স বেজ কনস্ট্রাকশন, প্রোঃ- জনাব মোঃ মাসুদ পারভেজ ও মেসার্স লাবিব এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নূর হোসেন খাঁন-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মেসার্স বেজ কনস্ট্রাকশন, প্রোঃ- জনাব মোঃ মাসুদ পারভেজ এবং মেসার্স লাবিব এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নূর হোসেন খাঁন, ১৩ নং ধামাল কোর্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করেছেন। আবেদনের সাথে ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও অঙ্গীকারনামাসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করেছেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তররের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে উপরোক্ত প্রতিষ্ঠানসমূহ অত্র দপ্তরে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি করা যেতে পারে।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে (১) মেসার্স বেজ কনস্ট্রাকশন, প্রোঃ- জনাব মোঃ মাসুদ পারভেজ এবং (২) মেসার্স লাবিব এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নূর হোসেন খাঁন-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং- ঢাকা মেট্রো-ট-১১-৩৩৯২ এর জন্য ৭০০-১৫ সাইজের ৪টি ট র ক্রয়ের জন্য ৬৮,০০০/- (আটষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা :

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | বিরলা টায়ার (সাইজ- ৭০০-১৫) | ০৪টি | ১৭,০০০/- | ৬৮,০০০/- |

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং- ঢাকা মেট্রো-ট-১১-৩৩৯২ এর জন্য ৭০০-১৫ সাইজের ৪টি টায়ার ক্রয়ের জন্য ৬৮,০০০/- (আটষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২০: রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত কার পার্কিং ইজারার জামানত ফেরত প্রদান প্রসংগে জনাব মোঃ রতন মিয়া এর ২৯ জানুয়ারি, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং ০১ ডিসেম্বর ২০১৬ ইং হতে ৩০ নভেম্বর ২০১৭ ইং পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য দৈনিক ৫,০১৫/- (পাঁচ হাজার পনের) টাকায় জনাব মোঃ আল আমিন মোল্লা-কে ইজারা প্রদান করা হয়। উক্ত কার পার্কিং জনাব মোঃ আল আমিন মোল্লাকে ১৪/১২/২০১৬ তারিখে বুঝিয়ে দেয়া হয় এবং পূর্বের ইজারাগ্রহীতা জনাব মোঃ রতন মিয়া-কে ০১/১২/২০১৬ তারিখ হতে ১৪/১২/২০১৬ তারিখ পর্যন্ত দৈনিক ৫,০১৫/- (পাঁচ হাজার পনের) টাকা হারে টোল ফি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধের জন্য অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে জনাব মোঃ রতন মিয়া-কে ৫০,০০০/-টাকা নিরাপত্তা জামানত প্রদানপূর্বক দৈনিক ১,৮০০/-টাকা হারে টোল আদায়ের অনুমতি প্রদান করা হয়। জনাব মোঃ রতন মিয়া ২৯/০১/২০১৭ তারিখে আবেদন জানান যে, ১৪ (চৌদ্দ)দিনের জন্য ৫,০১৫/- (পাঁচ হাজার পনের) টাকা হারে জমা করতে অপারগ বিধায় পূর্বের ধার্যকৃত দৈনিক ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হারে ১৪ দিনের জন্য ২৫,২০০/-(পঁচিশ হাজার দুইশত) টাকা বুঝে নিয়ে জামানতের ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ফেরত দেয়ার জন্য অনুরোধ করেন। উল্লেখ্য যে, বর্তমান দর দৈনিক ৫,০১৫/-(পাঁচ হাজার পনের) টাকা হারে ১৪ দিনের ৭০,২১০/- (সত্তর হাজার দুইশত দশ) টাকা এবং পূর্বের ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হারে ১৪ দিনে ২৫,২০০/- (পঁচিশ হাজার দুইশত) টাকা অর্থাৎ (৭০,২১০ - ২৫,২০০) = ৪৫,০১০/- (পঁয়তাল্লিশ হাজার দশ) টাকা পার্থক্য হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত কার পার্কিং এর পূর্বের ইজারাদার জনাব মোঃ রতন মিয়া এর অনুমোদিত ইজারা দর দৈনিক ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা হিসেবে ১৪ (চৌদ্দ) দিনের ইজারা বাবদ (১,৮০০/- × ১৪) = ২৫,২০০/- (পঁচিশ হাজার দুইশত) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা সাপেক্ষে জমাকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২১: রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য স্থান বরাদ্দের নিমিত্ত (১) জনাব মোঃ শফিকুল ইসলাম (বীর মুক্তিযোদ্ধা), পিতা- মরহুম মালু মিয়া, (২) ফাহমিদা ইয়াসমিন, স্বামী- মোঃ গোলাম ফারুক (৩) দিপু রহমান, পিতা- ডঃ মাহবুবুর রহমান, (৪) মোঃ নুরুজ্জামান, পিতা- মোঃ আমির হোসেন ও (৫) মোঃ সোমেল, পিতা- মোঃ আজিজুল হক সরকার এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : (১) জনাব মোঃ শফিকুল ইসলাম (বীর মুক্তিযোদ্ধা), পিতা- মরহুম মালু মিয়া, (২) ফাহমিদা ইয়াসমিন, স্বামী- মোঃ গোলাম ফারুক (৩) দিপু রহমান, পিতা- ডঃ মাহবুবুর রহমান, (৪) মোঃ নুরুজ্জামান, পিতা- মোঃ আমির হোসেন ও (৫) মোঃ সোমেল, পিতা- মোঃ আজিজুল হক সরকার রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান করার জায়গা বরাদ্দ চেয়ে আলাদাভাবে অত্র দপ্তরে আবেদন করেছেন। রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ২য় তলার পার্শ্বে কিছু অব্যবহৃত জায়গা পরিত্যক্ত অবস্থায় রয়েছে এবং উক্ত স্থানে ভাসমান হকার এবং ফকির অবস্থান করায় বাজারের সৌন্দর্য নষ্টসহ ক্যান্টনমেন্ট বোর্ড রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে মর্মে উভয়ের আবেদনে জানান। উক্ত জায়গায় নিচ খরচে দোকান ঘর নির্মাণ করার জন্য তাদের নামে ১০-০˝ ×১২-০˝ সাইজের ০৫ টি স্থান নির্ধারিত মাসিক ভাড়ায় দোকানের করার জন্য বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য ০৪(চার)টি স্থান ০৫(পাঁচ) বছরের জন্য প্রতিটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সালামীতে (১) জনাব মোঃ শফিকুল ইসলাম (বীর মুক্তিযোদ্ধা), পিতা- মরহুম মালু মিয়া (১৭-০˝×৮-০˝), (২) জনাব দিপু রহমান, পিতা- ডঃ মাহবুবুর রহমান (১০-০˝×১২-০˝) (৩) মোঃ নুরুজ্জামান, পিতা- মোঃ আমির হোসেন (১০-০˝×১২-০˝), (৪) মোঃ সোমেল, পিতা- মোঃ আজিজুল হক সরকার (১০-০˝×১২-০˝)-কে বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও রেভিনিউ অফিসার সরেজমিনে রজনীগন্ধা সুপার মার্কেট পরিদর্শন করে আগামী ০৭(সাত) দিনের মধ্যে দোকান নির্মাণের স্থান চিহ্নিত করে দিবেন।

আলোচ্য বিষয়-২২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটটি উত্তরাধিকারীগণের নামে নামজারী প্রসংগে।

আলোচনা : নথি দৃষ্টে দেখা যায়, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত ০৬(ছয়) বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটের মালিক মিসেস ফাতেমা খাতুন, স্বামী-মৃত ব্রিগেঃ জেনাঃ এম এ মালেক। মিসেস ফাতেমা খাতুন ১৬/১/২০১২ তারিখে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি তিনি নিম্নোক্ত ওয়ারিশগন রেখে গেছেন (ওয়ারিশান সনদ সংযুক্ত) ঃ

| ক্রঃ নং | ওয়ারিশগনের নাম | সম্পর্ক |
|---|---|---|
| ১। | ইসরাত মালেক | মেয়ে |
| ২। | জনাব তানজিল মালেক | ছেলে |
| ৩। | জনাব তানভীর মালেক | ছেলে |

উক্ত ওয়ারিশগণের মধ্যে ইসরাত মালেক, পিতা- মৃত ব্রিগেঃ জেনাঃ এম এ মালেক ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটটি উত্তরাধিকারীদের নামে নামজারী করার জন্য ১৮ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বরাদ্দের অতিরিক্ত জমির দখল ছেড়ে দেয়ার শর্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটটি নিম্নবর্ণিত উত্তরাধিকারীগণের নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃ নং | ওয়ারিশগনের নাম | সম্পর্ক |
|---|---|---|
| ১। | ইসরাত মালেক | মেয়ে |
| ২। | জনাব তানজিল মালেক | ছেলে |
| ৩। | জনাব তানভীর মালেক | ছেলে |

আলোচ্য বিষয়-২৩: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর মালিকের অংশের ০৭টি ফ্ল্যাট ০৬ জন মালিকের নামে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৩৬ নং প্লটের যৌথ মালিক যথাক্রমে (১) জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, (২) বাদরুন ইসরাত, (৩) তাবাস্‌সুম রিফাত, (৪) বুশরা রুবাইয়াত, (৫) সুমাইয়া জামান ও (৬) তাসনুভা আমরীন জামান, সর্বপিতা- জনাব এস বি জামান। উক্ত প্লটে মোমেন রিয়েল এস্টেট লিঃ ডেভেলপার কর্তৃক ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত প্লটে নির্মিত বাড়ীর মালিকের অংশের প্রাপ্ত ০৭টি ফ্ল্যাট ০১ (এক) ভাই এবং ০৫(পাঁচ) বোনের নামে আপোষবন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি চেয়ে ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে আবেদন করা হয়েছে ।

সিদ্ধান্ত : উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত কোন জমি দখলে থাকলে তা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বুঝিয়ে দেয়ার শর্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাটসমূহ নিম্নবর্ণিতভাবে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃ নং | নাম | ফ্ল্যাট নং | ফ্ল্যাটের আয়তন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের | ৭ম তলার উত্তর পশ্চিম পার্শ্বের ৭/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০২ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| | | ৭ম তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ৭/বি | ২০৫০ বর্গফুট | |
| ২। | বাদরুন ইসরাত | ৩য় তলার উত্তর পশ্চিম পার্শ্বের ৩/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৩। | তাবাস্‌সুম রিফাত | ২য় তলার উত্তর পশ্চিম পার্শ্বের ২/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৪। | বুশরা রুবাইয়াত | ৫ম তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ৫/বি | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৫। | সুমাইয়া জামান | ৩য় তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ৩/বি | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৬। | তাসনুভা আমরীন জামান | ৫ম তলার উত্তর পশ্চিম পার্শ্বের ৫/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |

আলোচ্য বিষয়-২৪: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে দুই জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের স্টাফ নার্সের ৩৮ পদের মধ্যে ২৬ পদ শূন্য রয়েছে। নার্স স্বল্পতার কারণে হাসপাতালে রোগীদের নিয়মিত সেবা প্রদান কার্যক্রম মারাত্মক ভাবে বিঘ্নিত হচ্ছে। হাসপাতালের সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিনিয়র স্টাফ নার্সের শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (ক) জনাব মোঃ সোহরাওয়ার্দী, পিতা- শরাফ উদ্দিন আহামেদ এবং (খ) মোঃ তারেকুল ইসলাম, পিতা- মোঃ আবুল কাশেম-কে মাসিক সর্বসাকুল্যে ১৭,০০০/- (সতের হাজার) টাকা নির্ধারিত বেতনে ০১ মার্চ, ২০১৭ তারিখ থেকে মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়োগের অনুমোদন প্রদান করা হয়।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সিনিয়র স্টাফ নার্সের শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (ক) জনাব মোঃ সোহরাওয়ার্দী, পিতা- শরাফ উদ্দিন আহামেদ এবং (খ) মোঃ তারেকুল ইসলাম, পিতা- মোঃ আবুল কাশেম-কে মাসিক সর্বসাকুল্যে ১৭,০০০/- (সতের হাজার) টাকা নির্ধারিত বেতনে ০১ মার্চ, ২০১৭ তারিখ থেকে নিয়োগের বিষয়টি ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ২য় বোর্ডসভা ও অন্যান্য আনুষঙ্গিক অনুষ্ঠানের জন্য বিবিধ ব্যয় বাবদ ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : ২০১৭ সনের ২য় বোর্ডসভার সাজসজ্জা ও অন্যান্য আনুষঙ্গিক কাজ বাবদ ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদন করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ২য় বোর্ডসভা ও অন্যান্য আনুষঙ্গিক অনুষ্ঠানের জন্য বিবিধ ব্যয় বাবদ ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকার ব্যয় ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৬: গত ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৫ এর সিদ্ধান্তে 'উত্তরাধিকার' পরিবর্তে 'হেবা/অছিয়তনামা' হিসেবে সংশোধন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৯ ও ৯৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মরহুম মোঃ কাইয়ুম খান মৃত্যুর পূর্বে স্ত্রী ও ০৩(তিন) কন্যাকে হেবা/অছিয়ত করে যান। তৎপ্রেক্ষিতে গত ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৫ এর মাধ্যমে বিষয়টি উপস্থাপন করা হলে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

> "প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৯ ও ৯৪ নং প্লট দু'টি উত্তরাধিকারীদের নামে নামজারী করে ইজারা নবায়নের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।"

উক্ত সিদ্ধান্তে হেবা/অছিয়তনামার পরিবর্তে উত্তরাধিকারীদের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হয়। যা সংশোধন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৯ ও ৯৪ নং প্লট দু'টি হেবা/অছিয়তনামা মূলে স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) এর নামে নামজারী করে ইজারা নবায়নের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৭: গত ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিঃ এর ডেভলপার হিসেবে জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : কর্ণেল মোঃ বাতেন (অবঃ) ব্যবস্থাপনা পরিচালক,সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিঃ কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ৬৯১, ৮০০ ও ৮০১ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার জমাকৃত নিরাপত্তা জামানত বাবদ (ফেরতযোগ্য) ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ফেরত চেয়ে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনপত্রের বিষয়টি ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৯ উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ

> "সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক যে সকল প্লটে বাড়ী নির্মাণ করা হয়েছে সে সকল প্লট/ফ্ল্যাট মালিকের অনাপত্তি/নাদাবী সংক্রান্ত প্রতিবেদন এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স ফি পরিশোধপূর্বক আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।"

উক্ত সিদ্ধান্তের আলোকে কর্নেল মোঃ বাতেন (অবঃ) ব্যবস্থাপনা পরিচালক, সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিঃ কর্তৃক নাদাবী এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপিসহ ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে আবেদন করেছেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জমাকৃত নিরাপত্তা জামানত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়টি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সেরেনিটি বিল্ডার্স (প্রাঃ) লিঃ এর ডেভলপার হিসেবে জমাকৃত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৮: ক্যান্টনমেন্টস্ এ্যাক্ট, ১৯২৪ সময়োপযোগী করে সংশোধনের জন্য প্রস্তাবিত আইনের ৯২টি বই মন্ত্রণালয়ে সরবরাহের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সাভূসে অধিদপ্তরের ২/এমএলএন্ডসি/জেনারেল/৪১০/শা-৩/১১১ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্যান্টনমেন্টস্ এ্যাক্ট, ১৯২৪ সংসদীয় কমিটিতে অনুমোদনের জন্য ৮০টি খসড়া বই এবং মৌখিক নির্দেশে আর ২০টি বই সরবরাহের নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে ১০০টি বই সরবরাহ করতে ভ্যাট আইটি সহ ৬০,০০০(ষাট হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্টস্ এ্যাক্ট, ১৯২৪ সময়োপযোগী করে সংশোধনের জন্য প্রস্তাবিত আইনের ৯২টি বই মন্ত্রণালয়ে সরবরাহের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার সিবি-২৭৯ নং হোল্ডিং সংলগ্ন খালি জায়গায় ০৪ তলা ফাউন্ডেশনসহ ০২(দুই) তলা (২×২=০৪টি বাসা) বিশিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার (প্রতি ফ্লোরের এরিয়া ১৫৪৩ বর্গফুট) নির্মাণ কাজের জন্য ৮৭,২৩,৭৪০/- (সাতাশি লক্ষ তেইশ হাজার সাতশত চল্লিশ) টাকা এবং চারদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের জন্য ৭,১৯,৬১২/- (সাত লক্ষ ঊনিশ হাজার ছয়শত বার) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার সিবি-২৭৯ নং হোল্ডিং সংলগ্ন ১৫৪৩ বর্গফুট খালি জায়গার মধ্যে ০৪ তলা ফাউন্ডেশনে দোতলা পর্যন্ত ২×২ = ৪টি বাসা নির্মাণ করা যাবে। প্রতিটি ফ্ল্যাটের আয়তন হবে ৭০২ বর্গফুট। এমইএস সিডিউল অব রেইটস্ ২০১৭ মোতাবেক ৮৭,২৩,৭৪০/- (সাতাশি লক্ষ তেইশ হাজার সাতশত চল্লিশ) টাকা ব্যয় হবে। বর্তমানে জায়গাটি পরিত্যক্ত অবস্থায় আছে। স্টাফ কোয়ার্টার নির্মাণ করা হলে জায়গাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতায় আসবে। তাছাড়া নিরাপত্তার লক্ষ্যে কোয়ার্টারের চারিদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের জন্য ৭,১৯,৬১২/- (সাত লক্ষ ঊনিশ হাজার ছয়শত বার) টাকা ব্যয় হবে। স্টাফ কোয়ার্টার ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের মূল্যানুমান ও নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার ২৭৯ নং হোল্ডিং সংলগ্ন খালি জায়গার চারদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের জন্য ৭,১৯,৬১২/- (সাত লক্ষ ঊনিশ হাজার ছয়শত বার) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। স্টাফ কোয়ার্টারের বিস্তারিত নকশা ও মূল্যানুমান পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩০: রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং ইজারার ০১(এক) মাসের ভাড়া মওকুফের বিষয়ে জনাব মোঃ বেলাল হোসেন এর ২৩ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা টাওয়ার পার্কিং ১/১/২০১৭ তারিখ হতে ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত দৈনিক ৭,০১৫/-(সাত হাজার পনের) টাকা হারে জনাব মোঃ বেল্লাল হোসেন-কে ইজারা প্রদান করা হয়। তিনি ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের আবেদনের জানিয়েছেন যে, পূর্বের ইজারাগ্রহীতা কর্তৃক বিশৃঙ্খলা করা, টোল আদায়ে বাধা প্রদান করা এবং পার্কিং এলাকায় পানি ছেড়ে দিয়ে পার্কিং বন্ধ করে রাখার ফলে ০১ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ৩১ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত টোল আদায় করতে পারেনি বিধায় ০১ (এক) মাসের ভাড়া মওকুফ করার জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং থেকে টোল আদায়ে প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ায় ০১ জানুয়ারি, ২০১৭ হতে ১০ জানুয়ারি, ২০১৭ তারিখ পর্যন্ত ১০(দশ)দিনের ভাড়া মওকুফের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

(এস. এম. আব্দুল কাদের)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — উপস্থিত
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ শওকত জামিল — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ শরীফুল আলম তানভীর — অনুপস্থিত
এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।